দৈনিক বাংলা

তারিখ 6/2/85
পৃষ্ঠা 1 কলাম 6



# পঞ্চাশ হাজার জাল সার্টিফিকেট ও মার্কশিট উদ্ধার

।। নিজস্ব সংবাদদাতা ।।

মানিকগঞ্জ, ৫ই ফেব্রুয়ারী।— ঢাকার সিআইডি পুলিশ আজ দুপুরে কেরানীগঞ্জের জিঞ্জিরা থেকে বিভিন্ন পরীক্ষার ৫০ হাজার জাল সার্টিফিকেট, মার্কশীট ও টেস্টিমোনিয়াল উদ্ধার করেছে। এই জাল সার্টিফিকেট ও মার্কশীটগুলো হচ্ছে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, বিএ, বিএসসি, এমএ, এমএসসি, এমবিবিএস ও ডিপ্লোমা পরীক্ষার এবং টেস্টিমোনিয়ালগুলো হচ্ছে ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের।

সিআইডি পুলিশ কেরানীগঞ্জ থানার অদূরেই জিঞ্জিরা ইউনিয়নের আগানগর-কটুরিয়া গ্রামের একজন প্রেস মালিকের বাড়ি তল্লাশী করে এসব সার্টিফিকেট উদ্ধার করে।

গোপন সূত্রে খবর পেয়ে সিআইডির এএসপি জনাব আব-দুল বাতেন ও মজিবর রহমানের নেতৃত্বে সিআইডি পুলিশের একটি বিশেষ দল এই উদ্ধার কাজ পরিচালনা করেন। পুলিশ প্রেস মালিক মোঃ হাসানকে হাতেনাতে গ্রেফতার করেছে। ঢাকা শহর ও জিঞ্জিরায় তার দুটো প্রেস রয়েছে বলে জানা গেছে।

(শেষ পৃঃ ৫-এর ক কঃ)

## মার্কশীট উদ্ধার

(১ম পৃঃ পর)

পুলিশ সূত্রে বলা হয়েছে যে বিভিন্ন পরীক্ষার সার্টিফিকেট, মার্কশীট ও টেস্টিমোনিয়াল জাল করে বিপুল টাকার বিনিময়ে শিক্ষার্থীদের মধ্যে বিতরণের একটি সংঘবদ্ধ দল রয়েছে। গত কয়েক বছর ধরে তারা এই জাল সার্টিফিকেট সরবরাহের জমজমাট ব্যবসা চালিয়ে আসছে। উক্ত প্রেস মালিক এই সংঘবদ্ধ দলের রিং লিডার হিসেবে কাজ করছিল বলে পুলিশ জানিয়েছে।

পুলিশের তদন্ত কাজ অব্যাহত রয়েছে। তারা সংঘবদ্ধ দলটিকে পুরোপুরি ধরতে সক্ষম হবেন বলে আশা করছেন।